**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**21 June 2026** **7:45 PM IST**

===================================================================

১) সমগ্র দেশ তথা বিশ্বে আজ আর্ন্তজাতিক যোগ দিবস পালন ।কোলকাতার রেড রোডে আয়োজিত যোগ দিবসের মূল কার্যসূচীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অংশ গ্রহন ।

২) গৌহাটিতে আয়োজিত রাজ্য সরকারের মূল কার্যসূচীতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের অংশ গ্রহণ ।

৩) চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমে ভর্তির চলতি বছরের নীট ইউ জির পুনরায় পরীক্ষা শান্তিপূর্নভাবে সম্পন্ন ।

৪) শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আগামীকাল থেকে অম্বুবাচী মেলা । দেশ বিদেশের সাধু সন্যাসী ও ভক্তদের স্বাগত জানাতে প্রশাসন তথা মন্দির পরিচালনা সমিতির ব্যাপক প্রস্তুতি ।

---

সমগ্র দেশ তথা বিশ্বের নানা প্রান্তে আজ দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে কোলকাতার রেড রোডে আন্তর্জাতিক যোগ দিবসের জাতীয় কার্যসূচীতে অংশগ্রহণ করে বলেন যে যোগ অনিশীলন বিশ্ব শান্তির পথ প্রদর্শনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সহায়তা করে । এই

অনুশীলন কেবলমাত্র ব্যক্তিগত শারীরিক সুস্থতার জন্যই নয় বরং সার্বিকভাবে উন্নত ভবিষ্যতের জন্য যোগ অত্যন্ত আবশ্যক ।প্রধানমন্ত্রী যোগ অনুশীলনের মাহাত্য তুলে ধড়ে শ্রী রামকৃষ্ণ পরমহংস , স্বামী বিবেকানন্দ ,ঋষি অরবিন্দ , কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর এবং শ্যামাচরণ লাহিড়ীর কথা তুলে ধরেন ।তিনি বলেন যে এই মহাপুরুষরা যোগকে আধ্যাত্মিক ও সামুহিক অনুভবের বিষয় বলে মনে করতেন ।

# বাইট #

আন্তর্জাতিক যোগ দিবসের এবারের মূল ভবনা হচ্ছে - #বার্ধক্যেও সুস্থ জীবনযাপনের জন্য যোগ # । এই প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন যে ধারাবাহিকভাবে সক্ষমতা ও সুস্থতা বজায় রাখতে হলে যোগ অনুশীলন অত্যন্ত প্রয়োজন ।বয়স কখনোই মানুষের স্বতঃস্ফুর্ততার অন্তরায় হতে পারেনা বলেও তিনি মন্তব্য করেন ।অনুষ্ঠানে দেশ বিদেশের অসংখ্য মানুষ ভার্চুয়েলি অংশগ্রহণ করেন ।সংস্কৃতি মন্ত্রনালয়ের উদ্যোগে আজ দেশের সাংস্কৃতিক ঐতিহ্য বিজরিত মোট ১০০ টি স্থানে যোগ দিবসের কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।এরমধ্যে আসামের শিলচর সহ নতুন দিল্লীর লালকেল্লা , উত্তরাখন্ডের হরিদ্বার , বিহারের নালন্দা , উত্তরপ্রদেশের সারনাথ ইত্যাদি ১২ টি স্থানে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মধ্যপ্রদেশের জব্বলপুরে গ্যারিসন গ্রাউন্ডে আয়োজিত রাজ্য পর্যায়ের আন্তর্জাতিক যোগদিবসের কার্যসূচীতে আংশগ্রহণ করেন ।

গুয়াহাটীর ব্রক্ষ্মপুত্র রিভার ফ্রন্ট উদ্যানে আজ সকালে রাজ্য পর্যায়ে আয়োজিত যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ,স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংহল এবং পর্যটন মন্ত্রী অজন্তা নেওগ

অংশগ্রহণ করেন ।অনুষ্ঠানে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায় ও আজ বিপুল উৎসাহ ও উদ্দীপনায় আর্ন্তজাতিক যোগদিবস উদযাপন করা হয় ।
কাছাড় জেলা প্রশাসন এবং জেলা স্বাস্থ্য সমিতির সহযোগিতায় আজ ঐতিহাসিক খাসপুর রাজবাড়িতে যোগ দিবসের মূল কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে ‘ পি এম শ্রী -গাঁও গাঁও যোগ মহা অভিযান ’এবং ‘আমার মাটি আমার নায়ক’কার্যসূচীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন ।অনুষ্ঠানে অংশগ্রহণ করে খাদ্য গণবন্টন ও গ্রাহক বিভাগের মন্ত্রী কৌশিক রাই বলেন যে সুস্থ ও সুষম জীবন যাপনের জন্য যোগাভ্যাস অত্যন্ত কার্যকর একটি মাধ্যম ।অনুষ্ঠানে মন্ত্রী শ্রী রাই জেলাস্তরের যোগাসন প্রতিযোগিতার বিজয়ীদের হাতে শংসাপত্র তুলে দেন । অনুষ্ঠানে বিধায়ক রাজদীপ গোয়ালা , জেলা প্রশাসনের উচ্চপদস্থ আধিকারীক , জাতীয় আয়ুষ মিশনের প্রতিনিধি সহ বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা , শিক্ষার্থী , স্বেচ্ছাসেবক , বিভিন্ন সামাজিক সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন ।পি এন বি আরসেটি কাছাড়ের উদ্যোগেও আজ আন্তর্জাতিক যোগদিবস উদযাপন করা হয় ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ , জাতীয় স্বাস্থ্য মিশন এবং আয়ুষ বিভাগের সহযোগীতায় আজ

করিমগঞ্জ ইনল্যান্ড ওয়াটার ওয়েজ টার্মিনালে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে দ্বাদশ আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । সকাল ৬টায় রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , পুলিশ সুপার লীনা দোলে যোগ দিবসের সূচনা করেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল যোগচর্চার মাধ্যমে সুস্বাস্থ্য , মানসিক প্রশান্তি এবং সুস্থ বার্ধক্য নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করে প্রতি দিনের জীবনে যোগকে অর্ন্তভুক্ত করার আহ্বান জানান ।

পরে সকাল ৭টা থেকে যোগ প্রশিক্ষক সঞ্জীব দাসের নেতৃত্বে জনপ্রতিনিধি , সরকারী আধিকারীক , কর্মী ও বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যোগাসনে অংশগ্রহন করেন । এরপর গত ১৯শে জুন শ্রীভূমি জেলা গ্রন্থাগার ভবনে আয়োজিত জেলাস্তরের যোগ প্রতিযোগীতায় বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলার পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের যোগ সেল এবং আভ্যন্তরীন গুণমান নিশ্চয়তা কোষ এর যৌথ উদ্যোগে আজ দ্বাদশ আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । এবছর জেলার কেন্দ্রীয় অনুষ্ঠান হাইলাকান্দি টাউন হল প্রেক্ষাগৃহে আয়োজিত হয়েছে । হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস যোগ দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করেন । পরে যোগ দিবসের

প্রাসঙ্গিকতা নিয়ে বক্তব্য রাখতে গিয়ে জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে বলেন----- বাইট

---

ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলাজুড়ে দ্বাদশ আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হয়েছে । জেলা স্তরের কেন্দ্রীয় অনুষ্ঠান হাফলং-এ আয়োজিত হয়েছে । এছাড়াও জেলার আয়ুষ্মান আরোগ্য মন্দিরে যোগ দিবস পালন করা হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ লোকসেবা ভবনে কৃষি , জলসেচ , জলসম্পদ বিভাগের আধিকারিকদের সংগে বাজেট প্রস্তুতিমূলক এক বৈঠকে অংশ গ্রহণ করেন । বৈঠকে পৌরহিত্য করে মুখ্যমন্ত্রী সমগ্র রাজ্যে জলসম্পদ ব্যবস্থাপনা শক্তিশালী করা সহ জলসেচের সুবিধা ত্বরান্বিত করা ছাড়া ও কৃষি পামসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধি করার উদ্দেশ্যে প্রস্তাবিত বেশ কিছু পদক্ষেপ নিয়ে পর্যালোচনা করেন । মুখ্যমন্ত্রী এর আগে রাজ্যের প্রগতি ত্বরান্বিত করার উদ্দেশ্যে সরকারী তথা ব্যাক্তিগত ক্ষেত্রের মিত্রতা এগিয়ে নিয়ে যাওয়া সম্পর্কে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন ।

---

ইউরোপীয় সংঘ আসামে থাকা ভ্রমণ সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রত্যাহার করার বিষয়টি সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা কৃতজ্ঞতা প্রকাশ করেছেন । উল্লেখ্য সংঘ ২৭ টি সদস্য রাষ্ট্র কে আফস্পার অধীনে

চরাইদেউ , তিনসুকিয়া ও শিবসাগর জেলা ছাড়া অন্যান্য সব স্থানে ভ্রমণ করার অনুমতি দিয়েছে । এসম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে এর মাধ্যমে অশান্ত অঞ্চলের পরিবর্তে দ্রুত উন্নয়নের অঞ্চল হিসেবে আসাম পরিগণিত হয়ে ওঠা প্রতিফলিত হচ্ছে ।

---

চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমের নামভর্তি পরীক্ষা নীট ইউজি আজ শান্তিপূর্ণভাবে পুনরায় অনুষ্ঠিত হয়েছে । দেশের ৫৫১ টি স্থানে এবং বিদেশের ১৪ টি স্থানে অনুষ্ঠিত এই পরীক্ষায় মোট ২২ লক্ষ ৭৯ হাজার পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছে । আসামের মোট ৮৭ টি পরীক্ষা কেন্দ্রে আজ এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে ।

---

শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আগামীকাল থেকে অম্বুবাচী মেলা আনুষ্ঠিত হবে । মন্দির কতৃপক্ষ জানিয়েছে যে আগামীকাল রাত ৯ টা ৮ মিনিট ৪২ সেকেন্ডে অম্বুবাচীর প্রবৃত্তি হবে । প্রবৃত্তির সংগে সংগে কামাখ্যা মন্দিরের দ্বার ভক্তদের জন্য বন্ধ করে দেওয়া হবে । ২৩ , ২৪ এবং ২৫ শে জুন কামাখ্যা মন্দিরের দ্বার সম্পূর্নভাবে বন্ধ থাকবে । ২৬ শে জুন থেকে অম্বুবাচীর নিবৃত্তির পর মন্দিরের দ্বার ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হবে ।প্রতিবছরের মতো এবারো অম্বুবাচীর সময় নীলাচলে দেশ বিদেশের ভক্তের সমাগম হবে বলে দেবালয় কতৃপক্ষ আশা প্রকাশ করেছেন ।

গৌহাটী পৌর নিগম অম্বুবাচী উপলক্ষে ভক্তদের ভীর নিয়ন্ত্রন সহ বিশুদ্ধ পানীয় জল , পরিষ্কার পরিচ্ছনতা বজায় রাখার জন্য

বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । স্বেচ্ছাসেবী সংস্থাগুলি ও মন্দির প্রাংগন পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য প্রস্তুতি সম্পূর্ন করে তুলেছে ।

এদিকে অম্বুবাচী মেলা উপলক্ষে মহানগরের উপ পুলিশ সুপারের কার্যালয় থেকে সাধারণ নাগরিকের যাতায়াত সম্পর্কে কিছু নীতি নির্দেশনা জারি করা হয়েছে । ভক্তরা বিশেষ করে শিশু , শিক্ষার্থী , মহিলা , প্রবীন নাগরিক ও
ও দিব্যাংগরা সহ জনসাধারণের নিরাপত্তার প্রতি লক্ষ্য রেখে এই নির্দেশনা জারি করা হয়েছে । এছাড়া বিদ্যালয়ে আসা যাওয়া করার জন্য বাহন , অগ্নিনির্বাপক বাহিনী সহ এম্বুলেন্স ইত্যাদি জরুরীকালীন বাহনগুলির চলাচল সুনিশ্চিত করার প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।

---

শক্তিপীঠ কামাখ্যা মন্দিরে আগামীকাল থেকে অম্বুবাচী মেলা আনুষ্ঠিত হবে । মন্দির কতৃপক্ষ জানিয়েছে যে আগামীকাল রাত ৯ টা ৮ মিনিট ৪২ সেকেন্ডে অম্বুবাচীর প্রবৃত্তি হবে । প্রবৃত্তির সংগে সংগে কামাখ্যা মন্দিরের দ্বার ভক্তদের জন্য বন্ধ করে দেওয়া হবে । ২৩ , ২৪ এবং ২৫ শে জুন কামাখ্যা মন্দিরের দ্বার সম্পূর্নভাবে বন্ধ থাকবে । ২৬ শে জুন থেকে অম্বুবাচীর নিবৃত্তির পর মন্দিরের দ্বার ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হবে ।প্রতিবছরের মতো এবারো অম্বুবাচীর সময় নীলাচলে দেশ বিদেশের ভক্তের সমাগম হবে বলে দেবালয় কতৃপক্ষ আশা প্রকাশ করেছেন ।

গৌহাটী পৌর নিগম অম্বুবাচী উপলক্ষে ভক্তদের ভীর নিয়ন্ত্রন সহ বিশুদ্ধ পানীয় জল , পরিষ্কার পরিচ্ছনতা বজায় রাখার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । স্বেচ্ছাসেবী সংস্থাগুলি ও মন্দির প্রাংগন পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য প্রস্তুতি সম্পূর্ন করে তুলেছে ।

এদিকে অম্বুবাচী মেলা উপলক্ষে মহানগরের উপ পুলিশ সুপারের কার্যালয় থেকে সাধারণ নাগরিকের যাতায়াত সম্পর্কে কিছু নীতি নির্দেশনা জারি করা হয়েছে । ভক্তরা বিশেষ করে শিশু , শিক্ষার্থী , মহিলা , প্রবীন নাগরিক ও

ও দিব্যাংগরা সহ জনসাধারণের নিরাপত্তার প্রতি লক্ষ্য রেখে এই নির্দেশনা জারি করা হয়েছে । এছাড়া বিদ্যালয়ে আসা যাওয়া করার জন্য বাহন , অগ্নিনির্বাপক বাহিনী সহ এম্বুলেন্স ইত্যাদি জরুরীকালীন বাহনগুলির চলাচল সুনিশ্চিত করার প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে ।

---

বিশ্বকাপে আজ রাত সাড়ে নটায় গ্রুপ এইচ এর খেলায় স্পেন , সৌদি আরবের মূখোমূখি হবে । গ্রুপ জি-এর ম্যাচে ভারতীয় সময় রাত সাড়ে ১২টায় বেলজিয়াম খেলবে ইরানের বিরুদ্ধে । ভারতীয় সময় রাত সাড়ে তিনটায় গ্রুপ এইচ এর অন্য খেলায় উরুগুয়ে খেলবে কেপ ভার্দের বিরুদ্ধে ।

এদিকে বিশ্বকাপ ফুটবলের গ্রুপ এফ-এর ম্যাচে আজ জাপান , তিউনিশিয়াকে ৪-০ গোলে হারিয়েছে । গ্রুপ ই-র ম্যাচে ইকুয়েডর ,কুরাসাও -এর ম্যাচটি গোলশূন্য ড্র হয় ।

গতরাতে গ্রুপ ই-এর অন্য ম্যাচে জার্মানী, আইভরী কোষ্টকে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে ।

গ্রুফ এফ-এর ম্যাচে নেদারল্যান্ডস , সুইডেনকে ৫-১ গোলে পরাজিত করে ।